# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 12-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) এয়ার ইন্ডিয়ার লন্ডনগামী একটি যাত্রীবাহী বিমান আজ গুজরাটের আমেদাবাদ বিমান বন্দরের কাছে মেঘানিনগর এলাকায় ভেঙে পড়ে। বহু যাত্রী মৃত্যু হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে।
রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং এরাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী গভীর শোক প্রকাশ করেছেন।
২) মহেশতলার ঘটনা নিয়ে বিরোধী দলের কর্মসূচীকে ঘিরে রাজ্য বিধানসভার অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে।

সেখানকার পরিস্থিতি আজও থমথমে। জারি রয়েছে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ নম্বর ধারা।

রাজ্যে বাঙালী হিন্দুদের শরণার্থীতে পরিণত করার চক্রান্ত চলছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩) বাংলাদেশের সিরাজগঞ্জ জেলায় রবীন্দ্রনাথ ঠাকুরের ঐতিহাসিক কাছারিবাড়ি একদল দুষ্কৃতি ভাঙচুর চালিয়েছে।
মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এর প্রতিবাদ করে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছেন।

৪) ২০১৬ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগের ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলায় শুনানির সময় প্রাথমিক শিক্ষা পর্ষদের কাছে বেশকিছু বিষয়ে ব্যাখ্যা চেয়েছে কলকাতা হাইকোর্ট।
৫) কাজের প্রলোভন দেখিয়ে উত্তর ২৪ পরগণার সোদপুরের বাসিন্দা এক তরুণীকে ডোমজুড়ে নিয়ে আটকে রাখা ও নির্যাতনের অভিযোগে ধৃত শ্বেতা খানের ৮ দিনের পুলিশ হেফাজত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এয়ার ইন্ডিয়ার লন্ডনগামী একটি যাত্রীবাহী বিমান আজ গুজরাটের আমেদাবাদ বিমান বন্দরের কাছে মেঘানিনগর এলাকায় ভেঙে পড়ে। অসামরিক উড়ান মহানির্দেশালয় DGCA সূত্রে খবর, বিমানটিতে দুই পাইলট ও ১০ কেবিন ক্রু সহ ২৪২ জন আরোহী ছিলেন। ওই বিমানেই গুজরাতের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপাণিও ছিলেন। বহু যাত্রীর মৃত্যু হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে।

বিমানটি যাত্রা শুরুর মিনিট পাঁচেকের মধ্যেই লোকালয়ে বহুতলের ওপর ভেঙে পড়ে। খবর পাওয়ার সঙ্গে সঙ্গে দমকল, পুলিশ ও জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী ঘটনাস্থলে পৌঁছয়। ত্রাণ ও উদ্ধারকাজের সুবিধার্থে দুর্ঘটনাস্থলের দিকে যাওয়া সমস্ত রাস্তা বন্ধ করে দেওয়া হয়েছে। আটকে পড়া যাত্রীদের সুবিধার্থে রেল আমেদাবাদ থেকে দুটি বিশেষ ট্রেন চালাবে বলে জানিয়েছে।

এয়ার ইন্ডিয়া জানিয়েছে, দুর্ঘটনার কারণ অনুসন্ধানে তদন্ত শুরু হয়েছে। সংস্থার পক্ষ থেকেও একটি হটলাইন খোলা হয়েছে। এর নম্বর হল- ১৮০০৫৬৯১৪৪৪

বিমান চলাচল মন্ত্রকে কন্ট্রোল রুম খোলা হয়েছে। এর নাম্বার হল- ০১১-২৪৬১-০৮৪৩ এবং ৯৬৫০৩৯১৮৫৯ ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বহু বিশিষ্ট ব্যক্তি দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস এই ঘটনায় গভীর মর্মবেদনা প্রকাশ করেছেন। শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, তৃণমূল কংগ্রেস সধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার প্রমুখ।

বিজেপি গুজরাটে বিমান দুর্ঘটনায়  নিহতদের প্রতি শ্রদ্ধা জানাতে আগামীকাল একদিনের জন্য দলের সব সাংগঠনিক কর্মসূচী স্হগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। দলের তরফে এক বিবৃতিতে দুর্ঘটনায় মৃতদের আত্মা প্রতি শান্তি কামনা করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দোকান বসানোকে কেন্দ্র করে উত্তপ্ত **মহেশতলার** পরিস্থিতি আজ’ও **থমথমে।** **মহেশতলা** পুর এলাকার সর্বত্র জারি রয়েছে ভারতীয় ন্যায় সংহিতার **১৬৩** ধারা। গতকালের ঘটনায় পুলিশের ওপর আক্রমণের অভিযোগে গ্রেপ্তারের সংখ্যা বেড়ে হয়েছে- **৪১** ।

**পুলিশ সুপার** রাহুল গোস্বামী আজ এক সাংবাদিক বৈঠকে জানান, গতকালের ঘটনায় পুলিশের ভূমিকা ছিল যথাযথ।

(বাইট)

এদিকে, পূর্ব ঘোষণা **মতোই মহেশতলার** ঘটনা নিয়ে বিরোধী দলের প্রতিবাদ কর্মসূচিকে ঘিরে রাজ্য **বিধানসভার** অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে। মুলতুবি প্রস্তাব এনে প্রধান বিরোধী দল বিজেপি, **মুখ্যমন্ত্রী** তথা **পুলিশ** মন্ত্রীর বিবৃতি দাবি করে। অধ্যক্ষ **বিমান** বন্দ্যোপাধ্যায় সেই দাবি খারিজ করে দিলে বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারীর নেতৃত্বে ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে শুরু করেন বিরোধীরা। ঘন্টাখানেক পর বিরোধী দলনেতার নেতৃত্বে দলের বিধায়করা ‘ওয়াক আউট’ করেন।

মহেশতলার ঘটনায় রাজ্যপালের হস্তক্ষেপ চেয়ে মাথায় তুলসী গাছের চারা নিয়ে খালি পায়ে মিছিল করে **রাজভবনে** যান। **রাজ্যপাল** সি ভি আনন্দ বোস এই ঘটনায় নিরপেক্ষ তদন্তের জন্য রাজ্য সরকারকে উদ্যোগী হতে বলেছেন।

মহেশতলার ঘটনা নিয়ে **জনস্বার্থ মামলা** দায়ের করে জরুরী ভিত্তিতে শুনানির আবেদন জানান, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ডিভিশন বেঞ্চ মামলা দায়ের করবার অনুমতি দিলেও, জরুরী ভিত্তিতে শুনানির আবেদন খারিজ করে দিয়েছেন।

এদিকে চন্দ্রিমা ভট্টাচার্য,শ্যামল মন্ডল, মানস ভুঁইঞা, শশী পাঁজা, অপূর্ব সরকারের মত সরকার পক্ষের সদস্যরা বিরোধীদের আচরণের তীব্র সমালোচনা করেছেন। তাঁদের অভিযোগ রাজ্যে উন্নয়নের কর্মকান্ডে বাধা সৃষ্টি করতেই সাম্প্রদায়িকতাকে হাতিয়ার করা হচ্ছে।

অন্যদিকে, বিরোধী দলনেতা বিধানসভার অধিবেশন অচল করে দেওয়ার হুঁশিয়ারি দিলেও তা সফল হয়নি বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। বিরোধীদের বাধা স্বত্বেও বিধানসভা চালিয়ে যেতে সহযোগিতা করার জন্য তিনি সরকার পক্ষে সদস্যদের ধন্যবাদ জানান।

পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় বিরোধীদের কটাক্ষ করে বলেন বিরোধী দলনেতার গতকালের হুঁশিয়ারের পরে আজকের অধিবেশন নিয়ে তারা চিন্তিত ছিলেন। কিন্তু কার্যক্ষেত্রে তারা সফল হননি।

oooooooooooooooooooooooo

রাজ্যে বাঙালী হিন্দুদের শরণার্থীতে পরিণত করার চক্রান্ত চলছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে এক বার্তায় অভিযোগ করেছেন ,শাসক দলের প্রত্যক্ষ সহযোগিতায় এই চক্রান্ত চলছে।

উল্লেখ্য , রাজ্য সভাপতি আজ মহেশতলায় আক্রান্ত হিন্দুদের সঙ্গে দেখা এবং উপড়ে ফেলা তুলসী মঞ্চ পুনরায় প্রতিষ্ঠিত করতে গেলে পুলিশ তাদের পথ আটকে বাধা দেয়। সেই সময় শ্রী মজুমদার সহ বিজেপি নেতারা কালীঘাটে মুখ্যমন্ত্রী বাড়ির দিকে রওনা দেন। কালীঘাটে পৌঁছালে পুলিশ তাদের গ্রেফতার করে।

রাজ্য সভাপতি আরও বলেন, মুখ্যমন্ত্রীর নীরবতা ও তোষণের রাজনীতি নিয়ে প্রশ্ন করতে গেলে পুলিশ তাদের গ্রেফতার করে। এই রাজ্যে মৌলবাদীরা উন্মত্তভাবে হিন্দুদের উপর আক্রমণ করে এবং এই ঘটনার প্রতিবাদ করা হলে শাস্তি দেওয়া হয় বলে তাঁর অভিযোগ।

(বাইট – সুকান্ত)

তবে তিনি এও বলেন এইভাবে বিজেপিকে দমন করা যাবে না, তারা মাথা নত করবেন না। প্রতিরোধ চালিয়ে যাবেন এবং বাংলায় প্রতিটি হিন্দুর নিরাপত্তা সুনিশ্চিত করবেন বলে শ্রী মজুমদার জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন, বাংলাদেশী নাগরিক নিউটন দাসের নাম ভোটার তালিকা থেকে বাদ দিয়েছে । প্রামাণ্য নথির অভাব এবং নাগরিকত্ব নিয়ে সন্দেহ থাকায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে সূত্রের খবর ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালিগঞ্জ বিধানসভায় আগামী উনিশে জুনের উপনির্বাচনে তিনটি মডেল ভোট গ্রহন কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। চট্টগ্রাম কলোনী প্রাথমিক বিদ্যালয়ের ভোট গ্রহন কেন্দ্রটি ভিন্নভাবে সক্ষম ভোট কর্মীরা পরিচালনা করবেন। এ ছাড়াও এই বিধানসভা কেন্দ্রের বিবেকানন্দ বিদ্যাভবনের দুইটি বুথ পরিচালনা করবেন মহিলা ভোট কর্মীরা ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের **স্পটলাইট**-এর বিষয়- 'স্থূলতা ও তার প্রতিকার'। আলোচনায় অংশ নিয়েছেন বিশিষ্ট পুষ্টিবিদ নন্দিতা দাস। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত।

দুই পর্বের অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব প্রচারিত হবে আজ রাত সাড়ে আটটায় আকাশবাণীর সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের সিরাজগঞ্জ জেলায় রবীন্দ্রনাথ ঠাকুরের ঐতিহাসিক কাছারিবাড়িতে একদল দুষ্কৃতি ভাঙচুর চালিয়েছে।

উল্লেখ্য, রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত এই বাড়িটিতে গত মঙ্গলবার কিছু উন্মত্ত জনতা দরজা-জানালা এবং আসবাবপত্র ভাঙচুর করে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, বাংলাদেশে রবীন্দ্রনাথ ঠাকুরের পৈত্রিক বাড়ির ওপর হামলার ঘটনার তীব্র নিন্দা করেছে। দলের মুখপাত্র সম্বিত পাত্র আজ সাংবাদিকদের বলেন, কবিগুরু কোন সাধারণ ব্যক্তিত্ব ছিলেন না । প্রবাদ প্রতীম এই মানুষটির বাড়িতে যে ধরনের আক্রমণ চালানো হলো, তা পূর্ব পরিকল্পিতই ছিল। এই ঘটনা কোন মতেই মনে নেওয়া যায় না। বাংলাদেশ সরকার রবীন্দ্রনাথের বাড়িটিকে মিউজিয়াম হিসেবে ঘোষণা করলেও তা সংরক্ষণে যথাযথ উদ্যোগ নেয়নি বলে তাঁর অভিযোগ।

তিনি গোটা বিশ্বকে নৈতিকতা, সংস্কৃতি ও সৃজনশীলতা রক্ষায় এক জোট হয়ে এগিয়ে এসে কবিগুরুর বাড়িতে হামলার ঘটনার তীব্র নিন্দা করারও আর্জি জানান।

(বাইট – সম্বিত পাত্র)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রবীন্দ্রনাথ ঠাকুরের বাংলাদেশের সিরাজগঞ্জের পৈতৃক ভিটেতে ভাঙচুরের ঘটনায় গভীর ক্ষোভ প্রকাশ করে ও তার প্রতিবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছেন। পাশাপাশি, প্রতিবেশী দেশের সরকারের কাছে এই ঘটনার জবাবদিহি চেয়ে আন্তর্জাতিক স্তরে কূটনৈতিক হস্তক্ষেপের আর্জিও জানিয়েছেন তিনি।

চিঠিতে মুখ্যমন্ত্রী লিখেছেন, রবীন্দ্রনাথ ঠাকুরের এই পৈতৃক বাড়ির সঙ্গে কবির সৃষ্টিশীলতা ও আত্মিক সম্পর্ক ছিল। বহু অমর সৃষ্টি এই বাড়িতে বসেই রচিত হয়েছে। সেই হামলা ভারতের জাতীয় গর্ব ও সাংস্কৃতিক ঐতিহ্যের ওপর প্রত্যক্ষ আক্রমণ। এই ঘটনার বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ করেছেন মুখ্যমন্ত্রী।

ooooooooooooooooooooooooooo

২০১৬ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগের ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলায় শুনানির সময় প্রাথমিক শিক্ষা পর্ষদের কাছে বেশকিছু বিষয়ে ব্যাখ্যা চেয়েছে কলকাতা হাইকোর্ট।

নিয়োগের সময় কোন এজেন্সিকে নিযুক্ত করা হয়েছিল কিনা, ইন্টারভিউ বোর্ডের পাশাপাশি সিলেকশন কমিটির ভুমিকা কি ছিল তা জানতে চান বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ। পাশাপাশি প্যানেল প্রকাশ করা হয়েছিল কিনা তাও জানতে চায় আদালত । যদিও রাজ্যের এডভোকেট জেনারেল এই প্রশ্নের উত্তরে জানিয়েছেন প্যানেল প্রকাশ করা হয়েছিল। তবে ২৩ জুন মামলার পরবর্তী  শুনানিতে প্রাথমিক শিক্ষা পর্ষদ আদালতের প্রশ্নের উত্তর দেবে।

ooooooooooooooooooooooooooo

কাজের প্রলোভন দেখিয়ে উত্তর ২৪ পরগণার সোদপুরের বাসিন্দা এক তরুণীকে হাওড়ার ডোমজুড়ে নিয়ে গিয়ে আটকে রেখে শারীরিক ও মানসিক নির্যাতনের ঘটনায় ধৃত মূল অভিযুক্ত শ্বেতা খানকে ৮ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ হাওড়া আদালতে তোলা হয়।

গত সন্ধ্যায় কলকাতার আলিপুর থেকে ধরা হয়েছিল শ্বেতাকে। এর আগে শ্বেতার ছেলে আরিয়ান খানকে গল্ফগ্রীন এলাকা থেকে গ্রেফতার করে পুলিশ। তাকে গতকাল হাওড়া আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে। এফ আই আর-এ নাম

থাকা আরিয়ানের বোন ১২ বছর বয়সী জোয়া খানকেও পুলিশ আটক করে। গতকাল তাকে হোমে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, গুরুতর অসুস্থ অবস্থায় বর্তমানে ওই তরুণী হাসপাতালে চিকিৎসাধীন।

এদিকে, এই ঘটনায় জাতীয় মহিলা কমিশন স্বতঃপ্রণোদিত হয়ে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকে চিঠি পাঠিয়ে অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করেছে।

এদিকে, উত্তর ২৪ পরগনার অশোকনগরে কচুয়া মোড় এলাকায় একটি হোটেলে মধুচক্র চালানোর অভিযোগে পুলিশ ৬ জনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে আছে দুই মহিলা ও এক দালাল। ধৃতদের আজ বারাসাত আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। হোটেলের দুটি ঘর পুলিশ শীল করে দিয়েছে। বাজেয়াপ্ত করা হয়েছে সিসিটিভি, হার্ডডিস্ক ও ৬ জনের মোবাইল ফোন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০